



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৪২১

তারিখ: ২০/১২/২০২৩ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

### CricHeroes এ যুক্ত হওয়াসহ তিন মাইলফলকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ক্রীড়াক্ষেত্র

এখন থেকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে শুরু হওয়া আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতার ফলাফল CricHeroes এর মাধ্যমে বিশ্বের যেকোন প্রান্ত থেকে দেখতে পাবেন ক্রীড়ামোদীরা। এই উৎসাহব্যঞ্জক উদ্যোগ ছাড়াও আরও দুইটি উন্নয়নমূলক পদক্ষেপ নিয়েছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়।

এর মধ্যে একটি হচ্ছে, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাঠে আন্তর্জাতিক মানের স্কার বোর্ড নির্মাণ। অপরটি হচ্ছে, বিশ্ববিদ্যালয়ের খেলোয়ারবৃন্দের সক্ষমতা বৃদ্ধিতে কুমিল্লা ভিক্টোরিয়ান্স এর সহযোগিতার আশ্বাস।

গত মঙ্গলবার (১৯ ডিসেম্বর, ২০২৩) দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মজিদ এসব তথ্য দেন।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য বলেন, ‘আমি ক্রীড়া ক্ষেত্রে বৃ্তি চালু করা, স্পোর্টস কমপ্লেক্সে নির্মাণসহ সারা বছর এখন খেলাধুলার আয়োজন করছি। কারণ আমি হলিস্টিক এডুকেশন বিশ্বাস করি যেখানে পড়াশোনার পাশাপাশি দৈহিক ও মানসিক স্বাস্থ্যের উন্নতি হয়। তাছাড়া, এই ক্ষেত্রে আমাদের অংশগ্রহণ ও উন্নয়ন আমাদের বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি বৃদ্ধি করতে সহায়তা করবে। আমরা কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে এমন একটা বিশ্ববিদ্যালয় হিসেবে দেখতে চাই যেখানে পড়াশোনা, খেলাধুলা, গবেষণাসহ সবকিছু হবে।’

উল্লেখ্য, ১৯ টি বিভাগের অংশগ্রহণে আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা শুরু হয়েছে। সেমিফাইনাল ও ফাইনাল ছাড়া প্রতিটি ম্যাচ দশ ওভারে অনুষ্ঠিত হবে। সেমিফাইনাল এবং ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে ১৫ ওভারে। আগামী ৩১ জানুয়ারি ২০২৪ ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

(মোহাম্মদ এমদাদুল হক)  
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)  
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

#### অনুলিপি:

- পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
- পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
- পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
- সংশ্লিষ্ট নথি